ISO 9001:2015 Certified

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০০৮.২৩. ৪০৮৯

তারিখঃ ০৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
২৩ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

## "নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কনডেম ঘোষিত নিম্নবর্ণিত বিনষ্ট, ব্যবহার অযোগ্য মালামাল (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করা হবে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/ ব্যবসায়ী/ প্রতিষ্ঠানের নিকট হতে পূর্ণ ঠিকানা সম্বলিত সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। মালামালের বিবরণ নিম্নে প্রদান করা হলো।

| ক্রমিক নং | আইটেম | পরিমান | দরদাতা কর্তৃক প্রদত্ত একক মূল্য (টাকা) | দরদাতা কর্তৃক প্রদত্ত মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| নিলাম-১ | ডেস্কটপ কম্পিউটার সেট (সিপিইউ, মনিটর, ইউপিএস) | ২০টি | | |
| | ডট ম্যাট্রিক্স প্রিন্টার | ১০টি | | |
| | লেজার প্রিন্টার | ১৫টি | | |
| | স্কানার | ০৩টি | | |
| | | মোট মূল্য = | | |

<u>দরপত্র দালিখের স্থান ও সময়</u>

| | | |
|---|---|---|
| ০১। | দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | দরপত্র জমা দেয়ার স্থান | পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |
| ০৩। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ০২/১১/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩৫ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |

<u>শর্তাবলীঃ</u>

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত নিলাম দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা যাবে না। অনিবার্য কারণবশতঃ দরপত্র গ্রহণের তারিখে বন্ধ ঘোষণা হলে পরবর্তী কার্যদিবসের নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণ করা যাবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। ক্রমিক নং ০১ হতে ০৪ পর্যন্ত সকল মালামাল একই দরপত্রে দর দাখিল করতে হবে। কোন আইটেম বাদ দিয়ে দর দাখিল করা যাবে না।

**০৩। দাখিলকৃত সর্বোচ্চ নিলাম দর অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে এবং সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হবে।**

Abdul

০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ আর্নেষ্ট মানি ব্যাংক ড্রাফট/ পে অর্ডার আকারে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকুলে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মুল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ দিনের মধ্যে নগদ/ ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতেঁ হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। মালামালের সর্বনিম্ন নিলাম দরের চেয়ে কম দর গ্রহণযোগ্য হবে না।

০৫। দরপত্রে কোনরুপ কাটাছেড়া/ ঘষামাজা করা যাবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে "কম্পিউটার ও কম্পিউটার এক্সসরিজ এর নিলাম দরপত্র" কথাটি লিখে দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬। উপরোক্ত মালামালসমুহ আগামী ০১/১১/২০২৩ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুরে পরিদর্শন করা যাবে।

০৭। সর্বোচ্চ বৈধ নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য সহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর নিয়মানুযায়ী সরকারী ভ্যাট ও আয়কর বাবদ মূল্য নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ব্যাংক ড্রাফট / পে-অর্ডার এর ক্ষেত্রে সমিতির হিসাবে জমা করণ নিশ্চিত হওয়া সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে মালামাল ডেলিভারী গ্রহণ করতে হবে।

০৮। পবিস কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ বিপুল কৃষ্ণ মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বক্সে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার......................... উপজেলা, দিনাজপুর।
০৯। মেয়র, .........................পৌরসভা, দিনাজপুর।
১০। সিনিয়র ডিজিএম, দিপবিস-২।
১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
(১০–১২: দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
১৩। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

(প্রকৌঃ বিপুল কৃষ্ণ মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।